



অধিনায়ক এর কার্যালয় ২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন বাংলাদেশ পুলিশ



প্রেস রিলিজ

অদ্য ২২/১০/২০২২ খ্রিঃ ২ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, মুক্তাগাছা, ময়মনসিংহের অপারেশন এন্ড ইন্টেলিজেন্স শাখার চৌকস অফিসার ও ফোর্সের সমন্বয়ে নিজ অধিক্ষেত্রে পরিচালিত মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনাকালে বিশ্বস্ত মাধ্যমে প্রাপ্ত গোপন সংবাদের ভিত্তিতে টাঙ্গাইল জেলার মধুপুর থানাধীন রানিয়াদ এলাকা হতে অভিযুক্ত মোঃ আক্তারুজ্জামান (৩৪), পিতা- মোঃ আব্দুল ছালাম, মাতা- মোছাঃ আকলিমা বেগম, সাং- রানিয়াদ, থানা- মধুপুর, জেলা- টাঙ্গাইলকে উপস্থিত সাক্ষীদের সম্মুখে ৪৫ (পয়তাল্লিশ) পিস ইয়াবা ট্যাবলেট সহ হাতেনাতে গ্রেফতার করা হয়।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে মোঃ আক্তারুজ্জামান জানায় সে দীর্ঘদিন ধরে নিয়মিতভাবে ইয়াবা সেবনের পাশাপাশি ইয়াবা কেনাবেচায় জড়িত রয়েছেন। তার বিরুদ্ধে বিধি মোতাবেক টাঙ্গাইল জেলার মধুপুর থানায় নিয়মিত রুজু করা হয়েছে।

